ভোটকেন্দ্রে নজরদারি বাড়াতে বডি ক্যামেরা কেনার উদ্যোগ: অর্থ উপদেষ্টা



সংগৃহীত ছবি

আসন্ন নির্বাচনে ভোটকেন্দ্রগুলোর নিরাপত্তা ও স্বচ্ছতা নিশ্চিত করতে ৪০ হাজার বডি ক্যামেরা কেনার প্রস্তাব নিয়ে আলোচনা চলছে। বিষয়টি দ্রুত চূড়ান্ত করা হবে বলে জানিয়েছেন অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ।

আজ বুধবার (১২ নভেম্বর) দুপুরে সচিবালয়ে অনুষ্ঠিত ক্রয় উপদেষ্টা কমিটির বৈঠকে এ প্রসঙ্গ ওঠে। সভায় সভাপতিত্ব করেন অর্থ উপদেষ্টা নিজেই।

বৈঠক শেষে তিনি সাংবাদিকদের বলেন, “বডি ক্যামেরা কেনার পরিকল্পনাটি দ্রুত বাস্তবায়নের পথে। ইউএনডিপি কিংবা অন্য কোনো আন্তর্জাতিক সংস্থার সহযোগিতায় এটি করা হতে পারে।”

তিনি আরও বলেন, “পে কমিশন একটি জটিল প্রক্রিয়া, তাই এতে সময় লাগবে। বিষয়টি অর্থনৈতিক কাঠামোর সঙ্গে সম্পৃক্ত। অন্তর্বর্তী সরকার এই বিষয়ে একটি দিকনির্দেশনামূলক কাঠামো রেখে যাবে।”

অর্থ উপদেষ্টা জানান, দেশের বিভিন্ন বন্দরে বহু পুরোনো গাড়ি বছরের পর বছর ধরে পড়ে আছে। এগুলো নিলামের মাধ্যমে বিক্রি করে রাষ্ট্রীয় সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করা হবে।